

বয়স
১+

আমার প্রথম পটি

পটি শেখার আনন্দময় যাত্রা

ফাতেমা তুজ জোহরা কুমু



উফ! কেমন যেন লাগছে! মূরমূর...
মূরমূর... অস্বস্তি অস্বস্তি... মনে হচ্ছে
আমার পটি পেয়েছে! হুম...

এখন কি করি?



পটি ট্রেনিং শুরু করার সময়-

বয়স দেখে নয়, শিশু প্রস্তুত হলে শুরু করুন। সাধারণত ১৮ - ৩৬ মাসের মধ্যে অনেক শিশু প্রস্তুতির লক্ষণ দেখায়। এক্ষেত্রে শিশু পরিচর্যাকারী কিংবা বাবা-মাকেও মানসিকভাবে প্রস্তুত হওয়া আবশ্যিক।



আমি কি
কাপেটে পটি করবো?
না-আ-আ!



প্রস্তুতির লক্ষণ চিনুন- শিশু ডায়াপার ২ ঘণ্টা বা তার বেশি শুকনো রাখছে, পটি করার আগে মুখভঙ্গি করে বা পা ক্রস করে, আড়ালে যায়, ভেজা ডায়াপার অপছন্দ করে, সহজ নির্দেশনা বুঝতে পারে।



আমি কি
খেলনার বাসে পড়ি করবো?
উহু!



কুটিন তৈরি করুন

ঘুম থেকে ওঠার পরে, খাবারের ২০-৩০ মিনিট পরে এবং ঘুমানোর আগে কয়েক মিনিট পড়িতে বসার অভ্যাস করান।



আহা!
এখানে! আমার ছোট্ট পটিতে!
ডায়াপার ছুড়ে দিলাম, পটিতে
বসতে শিখে গেলাম!



ছুটির সময় বেছে নিন-

পটি ট্রেনিং শুরু করার জন্য এমন একটি সময় বেছে নিন, যখন টানা কয়েক দিন শিশুর সঙ্গে বাড়িতে থাকতে পারবেন।